

শ্মল ফিনান্স ব্যাঙ্ক খুলতে লাইসেন্স উজ্জীবনকে

নিজস্ব সংবাদদাতা: শ্মল ফিনান্স ব্যাঙ্ক (এসএফবি) খোলার চূড়ান্ত লাইসেন্স পেল ক্ষুদ্র-ঋণ সংস্থা উজ্জীবন ফিন্যান্সিয়াল সার্ভিসেস। উজ্জীবন শ্মল ফিনান্স ব্যাঙ্ক লিমিটেড হিসাবে তারা এসএফবি পরিষেবা চালু করবে।

সংস্থাটির সিইও এবং এমডি সূমিত মোষ জ্ঞানান, রিজার্ভ ব্যাঙ্ক-সহ বিভিন্ন কর্তৃপক্ষের কাছ থেকে প্রয়োজনীয় সব অনুমোদন পাওয়ার পরে আগামী বছরের প্রথম ত্রৈমাসিকেই তারা ব্যাঙ্ক চালু করে দেওয়ার পরিকল্পনা করেছেন।

সংস্থাটি ২০০৫ সালে বেঙ্গালুরুতে চালু হওয়ার পরে বর্তমানে পশ্চিমবঙ্গ-সহ ২৪টি রাজ্যে ক্ষুদ্র-ঋণের ব্যবসা ছড়িয়েছে। সব রাজ্যে মিলিয়ে শাখা ৪৬৯। এই মুহূর্তে বাজারে ক্ষুদ্র ঋণের পরিমাণ ৬,৪৮৫.৯৩ কোটি টাকা।